দৈনিক
ইনকিলাব

তারিখ 22 JAN 2009
পৃষ্ঠা ৩ কলাম ১

# জবি শিক্ষকরা ৩ দফায় অনড়

## ২৪ ঘণ্টার আল্টিমেটাম আজ শেষ হচ্ছে : কর্মসূচী আসছে

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে তিন দফা দাবীতে শিক্ষকরা এখনও অনড় রয়েছে। আজ ২৪ ঘণ্টা আল্টিমেটাম শেষ হচ্ছে। এ সময়ের মধ্যে দাবী আদায় না হলে শিক্ষকরা কঠোর কর্মসূচীর ঘোষণা করা হবে বলে জানিয়েছেন তারা। চাকরিবিধি বাস্তবায়ন, লিয়েন সম্পর্কিত জটিলতার ইতিবাচক সমাধান ও প্রতিটি বিভাগের শিক্ষকদের জ্যেষ্ঠতা স্টেটাস নির্ধারণ- এই তিন দফা বাস্তবায়নের দাবীতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ভিসিকে ২৪ ঘণ্টার আল্টিমেটাম দিয়েছে। জানা গেছে, বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে গত কয়েক মাস আগে লিয়েন ছুটি নিয়ে ১৪ জন প্রবীণ শিক্ষক স্থায়ী বিজ্ঞাপিত পদে বিভিন্ন বিভাগে যোগ দেন। কিন্তু বিধি সম্মতভাবে চাকরিতে যোগ দেয়নি বলে অভিযোগ তুলে বিশ্ববিদ্যালয়ের খোদ প্রশাসন। গেল বছরে ডিসেম্বর মাসে রেজিস্ট্রার ফরিদা রহমান স্বাক্ষরিত এক চিঠিতে তাদের এক মাসের মধ্যে আগের প্রতিষ্ঠান থেকে অব্যাহতপত্র এনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় আবার নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতে অনুরোধ করা হয়। তবে লিয়েনকৃত শিক্ষকরা আইনগত ভিত্তি নিয়ে প্রশ্ন তুলে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে পাল্টা চিঠি দেয়। বিষয়টি স্পর্শকাতর ভেবে গত ১২ জানুয়ারী ২১তম সিন্ডিকেট সভায় সিদ্ধান্ত মোতাবেক শিক্ষকদের আরও ১ মাসের সময় দিয়ে আবার চিঠি দেয়ার পরামর্শ দেন। এ ব্যাপারে ভিসি অধ্যাপক ড. আবু হোসেন সিদ্দিক 'ইনকিলাব'কে জানান, শিক্ষকদের চাকরি বিধিমালা তৈরী হয়েছে এবং চূড়ান্ত করতে একটি কমিটি গঠন করা হয়েছে। আজ সকল শিক্ষক নিয়ে বসার আমন্ত্রণ জানিয়েছি।